

১৭.০৮.২০২২

ইউজিসি পুস্তক



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



নম্বর ৩৭.০১.০০০০.০৭১.৪৩.০০১.২২.৪২৭

তারিখ: ১ ডায় ১৪২৯
১৬ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: "ইউজিসি স্বর্ণপদক"-২০২১ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত "ইউজিসি স্বর্ণপদক"-২০২১ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে "myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা"-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/service/?id=BDGS-1637554194>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২১ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেয়া হবে।
- (৩) যে কোনো প্রবন্ধ/পুস্তক পুনঃমুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
- (৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং Review Article, ইসটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্যাভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণা কর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।
- (৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৬) আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক) ২০০ শব্দের মধ্যে একাডেমিক কর্মক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সাম্প্রতিককালের তোলা ২ কপি রসিন ছবি এবং বিগত ৫ বছরের প্রকাশনার (যদি থাকে) তালিকা যথাযথ রেফারেন্স আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৭) যৌথ প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Co-Author/Last Co-Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।
- (৮) একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৯) আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে "myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা"-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একই সাথে প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;
- (১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েব সাইট (www.ugc.gov.bd) সম্মাননা সেবা বক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেয়া আছে।
- (১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬-৮-২০২২

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ)

ফোন: 58160108

ইমেইল: director_research@ugc.gov.bd